# হামলাকারীরা যত শক্তিশালী হোক, আইনের বাইরে কেউ নয়: অ্যাটর্নি জেনারেল



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদীর ওপর গুলিবর্ষণের ঘটনায় জড়িতদের প্রভাব যতই শক্ত হোক না কেন, কাউকেই ছাড় দেওয়া হবে না বলে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান।

শনিবার (১৩ ডিসেম্বর) ঝিনাইদহের শৈলকূপা উপজেলার মালিথিয়া গ্রামে আয়োজিত এক প্রার্থনা অনুষ্ঠানে অংশগ্রহণ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। সনাতন ধর্মাবলম্বীদের উদ্যোগে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার আরোগ্য কামনায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অ্যাটর্নি জেনারেল বলেন, জুলাইয়ের গণ-আন্দোলনের অন্যতম সাহসী মুখ হাদী আজ সন্ত্রাসী হামলার শিকার হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। তার দ্রুত আরোগ্য কামনা করে তিনি বলেন, দেশের মানুষ এই ঘটনায় ব্যথিত ও ক্ষুব্ধ।

এই হামলাকে বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখার সুযোগ নেই উল্লেখ করে তিনি বলেন, আসন্ন নির্বাচন ঘিরে অস্থিরতা তৈরির চেষ্টা চলছে। গণ-আন্দোলনের নেতৃত্বকে লক্ষ্যবস্তুতে পরিণত করে একটি মহল পরিকল্পিতভাবে সহিংসতার পথ বেছে নিয়েছে। তবে এসব ষড়যন্ত্র কোনো ফল বয়ে আনবে না।

তিনি আরও জানান, সরকার ও নির্বাচন কমিশন অবাধ ও শান্তিপূর্ণ ভোট আয়োজনের লক্ষ্যে একসঙ্গে কাজ করছে। জনগণের ভোটাধিকার নিশ্চিত করা হবে এবং নির্বাচনের মাধ্যমে জনমতের প্রতিফলন ঘটবে।

বক্তব্যের শেষাংশে তিনি বেগম খালেদা জিয়া এবং আহত শরিফ ওসমান হাদীর সুস্থতার জন্য সবার দোয়া কামনা করেন।